# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৯০

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহর মহান নাম যার মাধ্যমে কোন মানুষ কিছু চাইলে, আল্লাহ তা প্রদান করেন

ذِكْرُ اسْمِ اللَّهِ الْعَظِيمِ الَّذِي إِذَا سَأَلَ الْمَرْءُ رَبَّهُ أَعْطَاهُ مَا سَأَلَ

আরবী

890 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا خَلَفُ بْنُ خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنِ أَخِي أَنَسِ بْنِ مَالِكٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا فِي الْحَلْقَةِ وَرَجُلٌ قَائِمٌ يُصَلِّي فَلَمَّا رَكَعَ سَجَدَ وَتَشَهَّدَ دَعَا فَقَالَ فِي دُعَائِهِ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْحَنَّانُ المنان بديع السموات وَالْأَرْضِ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ يَا حَيُّ يَا قَيَّامُ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ ....فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَتَدْرُونَ بِمَا دَعَا)؟ قَالُوا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ فَقَالَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ دَعَا بِاسْمِهِ الْعَظِيمِ الَّذِي إِذَا دُعِي بِهِ أَجَابَ وَإِذَا سُئِلَ بِهِ أَعْطَى)

الراوي : أَنَس بْن مَالِكٍ |المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 890 | خلاصة حكم المحدث:. صحيح لغيره ـ ((صحيح أبي داود)) (1342)، ((الصحيحة)) (3411) دون اسم ((الحنان)) وقوله: ((ياحي يا قيوم))!

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: حَفْصٌ ـ هَذَا ـ: هُوَ حَفْصُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طلحة أخو إسحاق ابن أَخِي أَنَسٍ ـ لِأُمِّهِ ـ

বাংলা

৮৯০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম এর সাথে একটি হালাকায় বসে ছিলাম আর আরেকজন ব্যক্তি দাঁড়িয়ে সালাত আদায় করছিলেন। যখন তিনি রুকূ‘, সাজদা ও তাশাহহুদ পড়ে দু‘আ করছিলেন, তখন তিনি তাঁর দু‘আয় বলেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنَّ لَكَ الْحَمْدَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْحَنَّانُ المنان بديع السموات وَالْأَرْضِ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ يَا حَيُّ يَا قَيَّامُ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ (অর্থ: হে আল্লাহ, আমি আপনার কাছে প্রার্থনা করছি, কারণ সমস্ত প্রশংসা আপনার জন্য, আপনি ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, আপনি দয়াময়, দানশীল, আসমানসমূহ ও জমিনের স্রষ্টা, হে সম্মান ও মর্যাদার অধিকারী হে চিরঞ্জীব, সকল কিছুর পরিচালক। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে প্রার্থনা করছি।) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমরা কি জানো সে কিসের মাধ্যমে দু‘আ করেছে?” জবাবে লোকজন বললেন, “আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই ভালো জানেন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “ঐ সত্তার কসম! যার হাতে রয়েছে আমার প্রাণ! নিশ্চয়ই সে আল্লাহর কাছে তাঁর এমন মহানতম নামের মাধ্যমে চেয়েছে, যে নামের মাধ্যমে দু‘আ করা হলে তিনি কবূল করেন, আর কিছু চাওয়া হলে, তিনি প্রদান করেন।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এখানে ‘হাফস’ হলেন হাফস বিন আব্দুল্লাহ বিন আবূ তালহা, আনাস রাদ্বিয়াল্লাহু আনহুর বৈপিত্রিয় ভাইয়ের ছেলে ইসহাকের ভাই।”

## ফুটনোট

[1] নাসাঈ: ৩/৫২; মুসনাদ আহমাদ: ৩/১৫৮; আবূ দাঊদ: ১৪৯৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ৭০৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৫৮; হাকিম: ১/৫০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৭২; ইবনু মাজাহ: ৩৮৫৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমর্থক বর্ণনা থাকার কারণে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে الْحَنَّانُ (দয়াময়) ও يَا حَيُّ يَا قَيَّامُ (হে চিরঞ্জীব, সকল কিছুর পরিচালক) অংশ ব্যতীত বাকী অংশ সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৪২।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89394

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন